



# বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন Bangladesh Merchant Marine Officers' Association

(Trade Union Reg. No: B-1834, ITF Affiliated Union No. BAN 014)



স্মারক নং- ৪৮০/২০২৪

তারিখঃ ০৫/১০/২০২৪ইং

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর ফেসবুক পেইজ প্রসঙ্গেঃ

এতদ্বারা বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর সকল সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সদস্য তথা বাংলাদেশী মেরিনারদের কল্যাণার্থে এসোসিয়েশন কর্তৃক গৃহীত উদ্যোগ, সংগঠিত সকল প্রকারের কার্যক্রম এবং বাস্তবিক অবস্থা সবার মাঝে তুলে ধরার সুবিধার্থে গত ২৩শে মে, ২০১৫ইং তারিখে “Bangladesh Merchant Marine Officers' Association” (<https://www.facebook.com/bmmoa.org>) নামে সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক)-এ ভেরিফাইড একটি পেইজ খোলা হয়েছিল। সর্বশেষ তথ্য অনুযায়ী যার ফলোয়ার সংখ্যা ছিল ১৫ (পনের) হাজারেরও অধিক এবং যেখানে প্রতিনিয়ত এসোসিয়েশনের যাবতীয় কার্যক্রমের হালনাগাদ তথ্য, নোটিশ, ছবি এবং ভিডিও পোস্ট করা হতো।

উক্ত ফেসবুক পেইজটি গত ১লা এপ্রিল, ২০২৪ইং তারিখ পর্যন্ত কার্যকরী পরিষদের সাধারণ সম্পাদক সহ মোট ৮ জন ব্যক্তি যথাক্রমে এডমিন ও মডারেটর হিসেবে পরিচালনা করতেন। সর্বশেষ গত ১লা এপ্রিল, ২০২৪ইং তারিখে সাধারণ সম্পাদক এসোসিয়েশনের গঠনতন্ত্রের নিয়ম অনুযায়ী আয়োজিত “বার্ষিক সাধারণ সভা-২০২৪” আয়োজন পূর্বক সভার নোটিশ সদস্যদের অবগতির জন্য পোস্ট করেন। কিন্তু তার কিছুদিন পরেই সাধারণ সম্পাদক লক্ষ্য করেন যে, কে বা কাহারো উক্ত ফেসবুক পেইজটি নিয়ন্ত্রণে নিয়ে তিনি সহ মোট ৩ (তিন) জনকে উক্ত ফেসবুক পেইজের এডমিন ও মডারেটর থেকে সভাপতি কিংবা সাধারণ সম্পাদকের অনুমতি ব্যতীত সরিয়ে দেয়। সর্বশেষ গত ১৩ই মে, ২০২৪ইং তারিখ রাত ০৮ঃ৪৪ ঘটিকার সময় এসোসিয়েশনের ফেসবুক পেইজটি অনুসন্ধান করলে দেখা যায় যে, কে বা কাহারো অসৎ উদ্দেশ্য সাধনের জন্য ফেসবুক পেইজটি সম্পূর্ণ ডিলিট করে দেয়। ফলে পরবর্তীতে এসোসিয়েশন কর্তৃক গৃহীত যাবতীয় কার্যক্রমের আর কোন হালনাগাদ তথ্য সদস্যদের নিকট প্রকাশ করা সম্ভব হয়নি। এতে এসোসিয়েশনের ভাবমূর্তি ব্যপকভাবে ক্ষুণ্ণ হয়েছে।

পরবর্তীতে এসোসিয়েশনের পক্ষ থেকে উপরোক্ত বিষয়ে যথাক্রমে গত ১৪/০৫/২০২৪ইং তারিখে ডবলয়ুরিং থানা, সিএমপি, চট্টগ্রাম-এ একটি সাধারণ ডায়েরী এবং গত ১৫/০৫/২০২৪ইং তারিখে উপ-পুলিশ কমিশনার (কাউন্টার টেরোরিজম বিভাগ), চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম বরাবরে সাইবার অপরাধ সংক্রান্ত একটি অভিযোগ দাখিল করা হয়েছে। একইসাথে আইটি বিশেষজ্ঞদের দিয়ে উক্ত ফেসবুক পেইজটি পুনরুদ্ধারের চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। পরবর্তীতে আইটি বিশেষজ্ঞ এবং আইন বিশেষজ্ঞের পরামর্শক্রমে এহেন হীন কাজের সাথে জড়িতদের যথাযথ তদন্তের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সাইবার নিরাপত্তা আইন অনুযায়ী “সাইবার ট্রাইব্যুনাল, চট্টগ্রাম”-এ একটি মামলা দায়ের করা হয়েছে। কমিউনিটির সমষ্টিগত উন্নয়নের স্বার্থে এই বিষয়ে আমরা এসোসিয়েশনের সকল সদস্যবৃন্দ এবং বাংলাদেশের সমগ্র মেরিন কমিউনিটির একান্ত সহযোগিতা কামনা করছি। আমরা আশা করছি যে, যথাযথ তদন্তের মাধ্যমে প্রকৃত অপরাধীদের আইনের আওতায় এনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।

উপরোক্ত প্রক্রিয়ার মাধ্যমে পূর্বের পেইজটি পুনরুদ্ধার সময় সাপেক্ষ বিধায়, বর্তমানে এসোসিয়েশন কর্তৃক সংগঠিত যাবতীয় কার্যক্রমের হালনাগাদ তথ্য সকল সদস্যবৃন্দের নিকট অবহিত করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook)-এ **Bangladesh Merchant Marine Officers' Association** (<https://web.facebook.com/profile.php?id=61565893035102>) নামে নতুন একটি ভেরিফাইড ফেসবুক পেইজ খোলা হয়েছে। যা সকলের অবগতির জন্য উক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হলো। সেই সাথে এসোসিয়েশন কর্তৃক গৃহীত সকল কার্যক্রমের সফল বাস্তবায়ন ও এর সুফল সকলের নিকট পৌঁছে দেয়ার জন্য সদস্যবৃন্দ এবং বাংলাদেশের সমগ্র মেরিন কমিউনিটিকে উক্ত ভেরিফাইড ফেসবুক পেইজ সাথে সংযুক্ত হওয়ার আহবান জানাচ্ছি। এবং একই সাথে পূর্বের ফেসবুক পেইজ অথবা এসোসিয়েশনের নামে অন্য কোন আন-ভেরিফাইড পেইজ-এ পোস্ট, শেয়ার, লাইক, কमेंটসহ সকল ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সকলের প্রতি বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ “Bangladesh Merchant Marine Officers' Association”-এর নামে নতুন ভেরিফাইড ফেসবুক পেইজ-এর সাথে সংযুক্ত হতে কিংবা এই সংক্রান্ত কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে এসোসিয়েশনের মোবাইল নাম্বারে (+৮৮০১৭০৮-৫২৭৮১৪/ ১৫) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মেরিন ইঞ্জিঃ মোঃ শাখাওয়ার হোসেন  
সাধারণ সম্পাদক  
বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

কম্পিউটার মোঃ আনাম চৌধুরী  
সভাপতি  
বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন